দৈনিক ইত্তেফাক

16 JUL 2016
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫

# চুয়াডাঙ্গায় ১২৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ শূন্য

■ চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গা জেলায় গত ৫ বছর যাবৎ ১২৮টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। ফলে প্রতিষ্ঠানগুলোতে শিক্ষা কার্যক্রমসহ সংশ্লিষ্ট ব্যবস্থাপনায় নানামুখী সমস্যা ও জটিলতা সৃষ্টি হচ্ছে।

জানা গেছে, জেলার চুয়াডাঙ্গা সদর উপজেলায় ৪১টি, আলমডাঙ্গা উপজেলায় ৩৪টি, দামুড়হুদা উপজেলায় ৩০টি ও জীবননগর উপজেলায় ২৩টি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের পদ শূন্য রয়েছে। সংশ্লিষ্ট জেলা ও উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসের পক্ষ থেকে উল্লেখিত শূন্য পদ পূরণে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়সহ ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট বারংবার চিঠি চালাচালি করেও কোনো সুফল পাওয়া যায়নি।

এ বিষয়ে যোগাযোগ করলে চুয়াডাঙ্গা জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রামেন্দ্র পোদ্দার বলেন, শূন্য পদ সমূহে নতুন প্রধান শিক্ষক চেয়ে একাধিকবার লিখিত যোগাযোগ করেও সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট থেকে ফলপ্রসূ কোনো জবাব পাওয়া যায়নি।

উল্লেখ্য, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের পদ দ্বিতীয় শ্রেণির গেজেটেড অফিসারে উন্নীত হওয়ায় দেশব্যাপী ওই পদে নতুন নিয়োগ অনির্দিষ্টকালের জন্য বন্ধ রয়েছে। পাবলিক সার্ভিস কমিশন এখন পর্যন্ত এ ব্যাপারে কোনো পদক্ষেপ নিতে পারেনি বলে জানা যায়।